Baishakh 3, 1424 Bangla, April 16, 2018 Monday, No. 106 48th year

H I G H L I G H T S

PM Sheikh Hasina reaches Dammam on an eight-day official visit to Saudi Arabia & the UK- She will attend concluding ceremony of a joint military exercise in Saudi Arabia & Commonwealth Heads of Govt. Meeting in London. (R. Today:3)

'BNP leaders are suffering from depression as their dream to wage movement against govt. on the issue of quota reform failed' comments AL GS. (R. Today:3)

'People do not need to look to govt. for jobs as there are plenty of out sourceing opportunity in the ICT sector' says PM's ICT affairs Adviser while inaugurating third iteration of BPO conference. (R. Today: 3)

Home Minister comes down heavily on Myanmar over Rohingya repatriation saying taking back only one Rohingya family out of thousands of refugees living in the no man's land is nothing but a farce. (VOA:5)

Human Rights Groups term return of only one Rohingya family among the 700,000 as a publicity stunt which ignored warnings over the security of returnees. (VOA: 5)

At least 5 people killed & many others are injured in a commuter train aceident in Tongi, Gazipur. (VOA:5)

One top BNP leader accuses, govt. is hathcing conspiracy to kill its party Chairperson Begum Khaleda Zia gradually in prison depriving her of proper treatment. (R. Tehran: 6)

At least 7 people are killed in separate road accident in Kishoreganj & Naogaon. (R. ABC: 7)

Russian President Vladimir Putin warns, further attacks by Western allies in Syria will inevitably lead to chaos in international relations. (BBC: 11)

বৈশাখ ৩, ১৪২৫ বাংলা, এপ্রিল ১৬, ২০১৮ সোমবার, নং-১০৬, ৪৮ বছর

শিরোনাম

সৌদি আরবের যৌথ সামরিক মহড়ার সমাপনী এবং যুক্তরাজ্যে কমনওয়েথ সরকার প্রধানদের শীর্ষ সম্মেলনে যোগ দিতে আটদিনের সফরে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সৌদি আরব পৌঁছেছেন । (রে. টুডে:৩)

'কোটা সংস্কারের আন্দোলনকে ঘিরে বিএনপি যে স্বপ্ন দেখেছিল, তা ভেঙ্গে যাওয়ায় দলটি এখন হতাশার সাগরে নিমজ্জিত' মন্তব্য আওয়ামী লীগ সাধারণ সম্পাদকের। (রে. টুডে:৩)

'চাকরির জন্য সরকারের দিকে তাকানোর প্রয়োজন নেই যেহেতু তথ্য-প্রযুক্তি খাতে চাকরির অগণিত সুযোগ রয়েছে' দু'দিনব্যাপি বিপিও সম্মেলনের উদ্বোধন করে বলেছেন প্রধানমন্ত্রীর তথ্য ও প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা। (রে. টুডে:৩)

নো-ম্যান্স ল্যান্ডে থাকা ৬০০০ রোহিঙ্গার মধ্যে মাত্র একটি পরিবারকে ফেরত নেয়ায় স্বরাষ্ট্রমন্ত্রী মিয়ানমারের তীব্র সমালোচনা করে একে কৌতুক ছাড়া আর কিছু নয় বলে অভিহিত করেছেন। (ভোয়া: ৫)

রোহিঙ্গা শরণার্থীদের প্রথম এক পরিবারকে মিয়ানমারে প্রত্যাবাসন পদক্ষেপকে লোক দেখানো বলে মন্তব্য করেছে মানবাধিকার গ্রুপগুলো- রোহিঙ্গাদের ফেরত নেওয়ার সাথে নিরাপত্তার বিষয়ে উদ্বেগ প্রশোমনে কোন পদক্ষেপ নেয়া হয়নি বলেও দাবি গ্রুপগুলোর ।(ভোয়া: ৫)

গাজীপুরের টঙ্গিতে জামালপুর থেকে ছেড়ে আসা কমিউটার ট্রেন লাইনচ্যুত হয়ে পাঁচজন নিহত এবং অনেকে আহত হয়েছেন। (ভোয়া: ৫)

বিএনপি'র চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে সরকার তিলে তিলে নিঃশেষ করতে চান বলে অভিযোগ করেছেন দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব। (রে. তেহরান: ৬)

পৃথক সড়ক দুর্ঘটনায় কিশোরগঞ্জে এবং নওগাঁয় মোট সাতজন নিহত হয়েছেন। (রে. এবিসি: ৭)

রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন হুঁশিয়ার করে বলেছেন, সিরিয়ায় পশ্চিমা শক্তি আবারও আক্রমন করলে তা আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে বিশৃঙ্খলতার কারণ হবে। (বিবিসি: ১১)

রেডিও টুডে

আট দিনের সফরে সৌদি আরব পৌঁছেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

সৌদি আরবে যৌথ সামরিক মহড়ায় সমাপনী এবং যুক্তরাজ্যের কমনওয়েলথ সরকার প্রধানদের শীর্ষ সম্মেলনে যোগ দিতে ৮ দিনের সফরে সৌদি আরবে পৌঁছেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল বিকেলে ঢাকা থেকে বাংলাদেশ বিমানের একটি ফ্লাইটে রওনা দিয়ে সৌদি সময় সন্ধ্যা ৭:৫০ মিনিটে দাম্মামের কিং ফাহাদ আন্তর্জাতিক বিমান বন্দরে পৌঁছান প্রধানমন্ত্রী। আজ সৌদি বাদশা সালমান বিন আব্দুল আজিজের আমন্ত্রণে ২৩ দেশের যৌথ সামরিক মহড়া গালফ-শিল্ড ওয়ানের কুচকাওয়াজ ও সমাপনী অনুষ্ঠানে যোগ দিবেন তিনি। আজ বিকেলে কমনওয়েলথ, রাষ্ট্র ও সরকার প্রধানদের বৈঠকে যোগ দিতে দাম্মাম থেকে লন্ডনের উদ্দেশ্যে রওনা হবেন প্রধানমন্ত্রী। ১৯শে এপ্রিল লন্ডনে কমনওয়েলথ এর সম্মেলন অনুষ্ঠিত হবে। ২৩শে এপ্রিল প্রধানমন্ত্রীর দেশে ফেরার কথা রয়েছে।
(রে. টুডে : ০৮:৪৫ ঘ.১৬/০৪/১৮সোনিয়া/হেলাল)

বিএনপি এখন হতাশার সাগরে নিমজ্জিত: ওবায়দুল কাদের

কোটা সংস্কারের আন্দোলনকে ঘিরে বিএনপি যে রঙ্গীন খোয়াব দেখেছিল, তা ভেঙ্গে যাওয়ায় বিএনপি এখন হতাশার সাগরে নিমজ্জিত বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সকালে ধানমণ্ডিতে আওয়ামী লীগ সভাপতির কার্যালয়ে সাংবাদিকদের সাথে আলাপকালে তিনি একথা বলেন।(রেডিও টুডে: ১৩:৪৫ঘ.১৫/০৪/১৮ফারুক/আহমেদ)

চাকরির জন্য সরকারের দিকে তাকানোর প্রয়োজন নেই: সজীব ওয়াজেদ জয়

চাকরির জন্য সরকারের দিকে তাকানোর প্রয়োজন নেই মন্তব্য করে প্রধানমন্ত্রীর তথ্য ও প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় বলেছেন, তথ্য-প্রযুক্তি খাতে চাকরির অগণিত সুযোগ রয়েছে। সকালে রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে দু'দিনব্যাপি বিজনেস প্রসেসিং অল সোর্সিং সম্মেলনের উদ্বোধন করে তিনি একথা বলেন। অল সোর্সিং খাতে নতুন প্রজন্মকে উৎসাহিত করতে তৃতীয়বারের এ সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। সম্মেলনের উদ্বোধন করে সজীব ওয়াজেদ বলেছেন, মতপ্রকাশের স্বাধীনতা নিশ্চিত করতে বিশেষ নিরাপত্তা আইন করা হয়েছে।
(রেডিও টুডে: ১৩:৪৫ঘ.১৫/০৪/১৮ফারুক/আহমেদ)

শ্রমিক-কর্মচারী-পেশাজীবী সমন্বিত ঐক্য পরিষদের ছয়দফা দাবি পেশ

সরকারি চাকরিতে স্বাধীনতা বিরোধীদের সন্তানদের নিয়োগ বন্ধসহ ছয়দফা দাবি পেশ করেছে শ্রমিক, কর্মচারী, পেশাজীবী সমন্বিত ঐক্য পরিষদ। এ লক্ষ্যে ১৮ই এপ্রিল জেলা ও উপজেলায় স্মারকলিপি পেশ এবং ৫ই মে ঢাকায় মহাসমাবেশের ঘোষণা করা হয়েছে। সকালে জাতীয় প্রেসক্লাবের সামনে আয়োজিত এক গণসমাবেশে সংগঠনের পক্ষে এ দাবি তুলে ধরেন নৌপরিবহনমন্ত্রী শাহজাহান খান।(রেডিও টুডে:১৩:৪৫ঘ.১৫/০৪/১৮ফারুক/আহমেদ)

সৌদি আরব, যুক্তরাজ্যে আটদিনের রাষ্ট্রীয় সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী

সৌদি আরবে যৌথ সামরিক মহড়ার সমাপনী এবং যুক্তরাজ্যে কমনওয়েলথ সরকার প্রধানদের শীর্ষ সম্মেলনে যোগ দিতে আটদিনের সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। রবিবার বিকেল চারটায় বাংলাদেশ বিমানের একটি ফ্লাইটে সৌদি আরবের দাম্মামের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করার কথা রয়েছে তার। দাম্মাম পৌঁছে সোমবার সৌদি বাদশা সালমান বিন আবদুল আজিজ আল সৌদ এর আমন্ত্রণে ২৩ দেশের যৌথ সামরিক মহড়ার কুচকাওয়াজ এবং সমাপনী অনুষ্ঠানে যোগ দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। (রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১৫/০৪/১৮ ফারুক/আহমেদ)

বিএনপি চেয়ারপারসন বেগম জিয়া কারাগারে গুরুতর অসুস্থ: রিজভী

বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী দাবি করেছেন তাদের দলীয় চেয়ারপারসন বেগম খালেদা জিয়া কারাগারে গুরুতর অসুস্থ। এরপরও তাকে কোন চিকিৎসা দেয়া হচ্ছে না বলে অভিযোগ তার। রবিবার বেলা সোয়া এগারটার দিকে নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে তিনি এ দাবি করেন। রিজভীর অভিযোগ, খালেদা জিয়াকে তিলে তিলে নিঃশেষ করার জন্যই তাকে পরিকল্পিতভাবে সাজা দিয়ে কারাবন্দী করা হয়েছে। (রেডিও টুডে: ১৩:৪৫ঘ.১৫/০৪/১৮ ফারুক/আহমেদ)

আসন্ন খুলনা, গাজীপুর সিটি করপোরেশন নির্বাচনে মনোনয়নপত্র যাচাই-বাছাই চলছে

আসন্ন খুলনা ও গাজীপুর সিটি করপোরেশন নির্বাচনে মনোনয়নপত্র যাচাই-বাছাই চলছে। খুলনায় পাঁচজন মেয়র প্রার্থীরই মনোনয়নপত্র বৈধ বলে ঘোষণা করা হয়েছে। এখন বাছাই চলছে কাউন্সিলর ও সংরক্ষিত কাউন্সিলর পদের প্রার্থীদের। এদিকে, গাজীপুরে আওয়ামী লীগ ও বিএনপিসহ সাত মেয়র প্রার্থীর মনোনয়নপত্র বৈধ ঘোষণা করা হয়েছে।(রেডিও টুডে: ১৩:৪৫ঘ.১৫/০৪/১৮ফারুক/আহমেদ)

একটি রোহিঙ্গা মুসলিম পরিবারকে বাংলাদেশ থেকে ফিরিয়ে নেয়ার দাবি মিয়ানমারের

প্রথমারের মত পাঁচ সদস্যের একটি রোহিঙ্গা মুসলিম পরিবারকে বাংলাদেশ থেকে ফিরিয়ে নেয়ার দাবি করেছে মিয়ানমার। মিয়ানমার সরকারের এক বিবৃতি উদ্ধৃত করে এ খবর জানিয়েছে বার্তা সংস্থা থমসন রাইটার্স। তবে বাংলাদেশের পররাষ্ট্র সচিব শহীদুল হক জানিয়েছেন, এ ব্যাপারে মন্ত্রণালয় কিছুই জানে না। আর প্রত্যাবাসন কমিশনার বলেছেন, রোহিঙ্গা ক্যাম্প নয়, পরিবারটি গেছে শূন্যরেখা থেকে।

(রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১৫/০৪/১৮ ফারুক/আহমেদ)

টঙ্গিতে কমিউটার ট্রেন লাইনচ্যুতের ঘটনায় তিনজন নিহত

টঙ্গিতে জামালপুর থেকে ছেড়ে আসা কমিউটার ট্রেন লাইনচ্যুত হয়ে তিনজন নিহত হয়েছেন। রবিবার বেলা সাড়ে চারটার দিকে দুর্ঘটনাটি ঘটে। এ সময় ট্রেনের ছাদ থেকে পড়ে ঘটনাস্থলেই তিনজন নিহত হয়েছেন বলে জানা গেছে। আহত হয়েছেন বেশ কয়েকজন যাদের মধ্যে দু'জনের অবস্থা আশঙ্কাজনক। এ দুর্ঘটনার পর থেকে ঢাকার সঙ্গে উত্তরবঙ্গের রেল যোগাযোগ বন্ধ রয়েছে। (রেডিও টুডে:১৩:৪৫ঘ.১৫/০৪/১৮ফারুক/আহমেদ)

কমিউটার ট্রেন লাইনচ্যুত হয়ে ৫জন নিহত

গাজীপুরের টঙ্গিতে জামালপুর থেকে ছেড়ে আসা কমিউটার ট্রেন লাইনচ্যুত হয়ে পাঁচজন নিহত হয়েছেন। বেলা সাড়ে ১২টার দিকে টঙ্গির নতুন বাজার এলাকায় এই দুর্ঘটনা ঘটে। যাতে আহত হয়েছেন আরও অর্ধশত ব্যক্তি। ঘটনাস্থলে পরিদর্শনে গিয়ে রেলপথমন্ত্রী মুজিবুল হক বলেছেন, দুর্ঘটনা তদন্তে তিন সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। যাদেরকে আগামী তিন কার্যদিবসের মধ্যে প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে।

(রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ১৫/০৪/১৮ প্রতীক/আহমেদ)

জনগণ রাস্তায় নেমে খালেদা জিয়াকে মুক্ত করবে: খন্দকার মোশাররফ হোসেন

জনগণ রাস্তায় নেমে বেগম খালেদা জিয়াকে মুক্ত করবে এবং তাকে নিয়ে নির্দলীয়, নিরপেক্ষ সরকারের অধীনে নির্বাচনে যাবে বিএনপি বলে জানিয়েছেন দলটির স্থায়ী কমিটির সিনিয়র সদস্য খন্দকার মোশাররফ হোসেন। বিকেলে রাজশাহীর ভুবন মোহন পার্কে আয়োজিত সমাবেশে তিনি আরও বলেন, জনসভা করতে দিলে আওয়ামী লীগের কোন অস্তিত্ব থাকবে না বলে বিএনপিকে জনসভার অনুমতি দেন না সরকার। এছাড়া, গণতন্ত্র ও খালেদা জিয়া একই সুতোয় গাঁথা বলেও মন্তব্য করেন বর্শীয়ান এই নেতা। (রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ১৫/০৪/১৮ প্রতীক/আহমেদ)

আটদিনের সফরে সৌদি আরবের উদ্দেশ্যে রওয়ানা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

সৌদি আরবের যৌথ সামরিক মহড়ার সমাপনী এবং যুক্তরাজ্যে কমনওয়েলথ সরকার প্রধানদের শীর্ষ সম্মেলনে যোগ দিতে আটদিনের সফরে এখন সৌদি আরবের পথে রয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ বিকেল সাড়ে চারটার দিকে বাংলাদেশ বিমানের একটি ফ্লাইটে সৌদি আরবের দাম্মামের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন তিনি। সৌদি সময় সন্ধ্যায় ৭টা ৫০ মিনিটে দাম্মামের কিং ফাহাদ আন্তর্জাতিক বিমানবন্দরে পৌছানোর কথা রয়েছে প্রধানমন্ত্রী শেখ হাসিনার। দাম্মাম পৌছে সোমবার সৌদি বাদশা সালমান বিন আবদুল আজিজ আল সৌদ এর আমন্ত্রণে ২৩ দেশের যৌথ সামরিক মহড়া গালফ শিল্ড ওয়ানের কুচকাওয়াজ ও সমাপনী অনুষ্ঠানে যোগ দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ঐদিন বিকেলেই কমনওয়েলথ রাষ্ট্র এবং সরকার প্রধানদের বৈঠকে যোগ দিতে দাম্মাম থেকে লন্ডনের উদ্দেশ্যে রওয়ানা হবেন প্রধানমন্ত্রী। ১৯শে এপ্রিল লন্ডনে কমনওয়েলথের ঐ সম্মেলন অনুষ্ঠিত হবে। ২৩শে এপ্রিল প্রধানমন্ত্রীর দেশে ফেরার কথা রয়েছে। (রেডিও টুডে: ১৮:৪৫ঘ.১৫/০৪/১৮রিহাব/আহমেদ)

আসন্ন খুলনা ও গাজীপুর সিটি করপোরেশন নির্বাচনের মনোনয়নপত্র যাচাই-বাছাই শুরু

আসন্ন খুলনা ও গাজীপুর সিটি করপোরেশন নির্বাচনে মনোনয়নপত্র যাচাই-বাছাইয়ের প্রথমদিনে মেয়র পদে বড় দুই দলের প্রার্থীর মনোনয়নপত্র বৈধ বলে ঘোষণা করেছে নির্বাচন কমিশন। আজ সকাল থেকে মনোনয়নপত্র যাচাই-বাছাই শুরু হয় যা আগামীকাল পর্যন্ত চলবে। আজ খুলনায় পাঁচজন মেয়র প্রার্থীর সবারই মনোনয়নপত্র বৈধ বলে ঘোষণা করা হয়। আর গাজীপুরে আওয়ামী লীগ ও বিএনপিসহ সাতজন মেয়র প্রার্থীর মনোনয়নত্র বৈধ বলে ঘোষণা করা হয়েছে। কালকের মধ্যেই চূড়ান্তভাবে কাউন্সিলর ও সংরক্ষিত কাউন্সিলর পদে প্রার্থীদের নাম জানা যাবে। এই দু'টি সিটি নির্বাচন মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখ ২৩শে এপ্রিল এবং নির্বাচন অনুষ্ঠিত হবে আগামী ১৫ই মে।

(রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ১৫/০৪/১৮ রিহাব/আহমেদ)

ভয়েস অফ আমেরিকা

পাঁচ সদস্যের রোহিঙ্গা পরিবারের প্রত্যাবাসন লোক দেখানো : মানবাধিকার গ্রুপ

শনিবার মিয়ানমার থেকে বলা হয় রোহিঙ্গা শরণার্থীদের প্রথম এক পরিবারকে তারা প্রত্যাবাসিত করেছে। মানবাধিকার গ্রুপগুলো থেকে বলা হয়, এ পদক্ষেপ লোক দেখানো কারণ যে রোহিঙ্গারা ফেরত যাচ্ছে তাদের নিরাপত্তার বিষয়ে যেসব উদ্বেগ রয়েছে সে বিষয়ে এখনও কোন পদক্ষেপ নেয়া হয়নি। শুক্রবার জাতিসংঘে শরণার্থী গ্রুপে বলেছে, শরণার্থীদের নিরাপত্তা পরিস্থিতি মিয়ানমারে এখনও তৈরি হয়নি। তারা বলেছে, মিয়ানমার কর্তৃপক্ষের দায়িত্ব সেই পরিস্থিতি তৈরি করা। এক বিবৃতিতে মিয়ানমার বলেছে, পাঁচ সদস্যের একটি পরিবার প্রত্যাবাসন প্রক্রিয়া সম্পন্ন করেছে। ঐ পরিবার বাংলাদেশ-মিয়ানমার সীমান্তের কাছে মংডাও শহরে তাদের আত্মীয়দের সঙ্গে অস্থায়ী বসবাস করছেন। বিবৃতিতে বলা হয়, পরিবারকে জাতীয় পরিচয়পত্র দেয়া হয়েছে। অবশ্য পুনর্বাসিত রোহিঙ্গাদের যে পরিচয়পত্র দেয়া হয়েছে তাতে তাদেরকে মিয়ানমারের নাগরিক হিসেবে স্বীকার করে নেয়া হয়নি। রোহিঙ্গা নেতৃবৃন্দ ঐ পরিচয়পত্র প্রত্যাখ্যান করেছেন। (ভোয়া : ২২০০ঘ. ১৫/০৪/১৮ মোতালেব/নারগীস)

নো ম্যান্স ল্যান্ড থেকে প্রত্যাবাসন কৌতুক ছাড়া আর কিছু নয়: স্বরাষ্ট্রমন্ত্রী

বাংলাদেশ কর্তৃপক্ষ বলছেন, যারা মিয়ানমারে ফেরত গেছে বলে প্রচার করা হচ্ছে তারা আসলে নো ম্যান্স ল্যান্ডে অনেকদিন ধরে অবস্থান করছিল। এ বিষয়ে ঢাকা থেকে মতিউর রহমান চৌধুরীর রিপোর্ট:

এ সম্পর্কে এক তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, নো ম্যান্স ল্যান্ডে থাকা ৬০০০ রোহিঙ্গার মধ্যে মাত্র একটি পরিবারকে ফেরত নেয়া কৌতুক ছাড়া আর কিছু নয়। এরা তো বাংলাদেশে প্রবেশই করেনি। এদিকে, বাংলাদেশের শরণার্থী প্রত্যাবাসন, ত্রাণ ও পুনর্বাসন বিষয়ক কমিশনার আবুল কালাম বলেন, নো-ম্যান্স ল্যান্ডে অবস্থান করা ব্যক্তিরা আসলে প্রত্যাবাসন প্রক্রিয়ার আওতায় পড়ে না। মানবাধিকার সংগঠনগুলো একটি রোহিঙ্গা পরিবারের ফেরত যাওয়া নিয়ে বলেছে, এটা হাস্যকর। খবরে বলা হয়, শনিবার সকালে রাখাইনের তাং ওয়াই টুইং শহরে পাঁচ সদস্যের ঐ পরিবারটি প্রত্যাবাসন ক্যাম্পে ফিরে গেছে। মিয়ানমার সরকারের ফেসবুক পোস্টে পরিবারটিকে মুসলিম বলে উল্লেখ করা হয়েছে। এ সম্পর্কে ইউএনএইচসিআর বলেছে, এখনও প্রত্যাবাসনের জন্য মিয়ানমারের পরিবেশ সহায়ক নয়। রোহিঙ্গা পরিবারটি প্রত্যাবাসনের ঘোষণা লোক দেখানো চেষ্টা বলে মন্তব্য করেছে আন্তর্জাতিক মানবাধিকার সংগঠন ফেডারেশন ফর হিউম্যান রাইটস। গত ২৫শে আগস্ট রাখাইনে সেনাবাহিনীর নৃশংস অভিযান শুরুর পর সীমান্ত পেরিয়ে সাত লাখেরও বেশি রোহিঙ্গা বাংলাদেশে আশ্রয় নেন।
(ভোয়া : ২২০০ঘ. ১৫/০৪/১৮ মোতালেব/নারগীস)

রেল দুর্ঘটনায় নিহত পাঁচ

টানা পাঁচ ঘণ্টা বন্ধ থাকার পর সন্ধ্যা ৬টার দিকে দেশের রেল যোগাযোগ স্বাভাবিক অবস্থায় ফিরে গেছে এবং ট্রেন চলাচল শুরু হয়েছে। দুপুর ১২টার দিকে টঙ্গির নতুন বাজার এলাকায় জামালপুর থেকে ঢাকাগামী জামালপুর কমিউটার দুর্ঘটনা কবলিত হয়। এ বিষয়ে ঢাকা থেকে মতিউর রহমান চৌধুরীর আরেকটি রিপোর্ট:

টানা পাঁচ ঘণ্টা বন্ধ থাকার পর সন্ধ্যা ৬টার দিকে সারাদেশে ট্রেন চলাচল শুরু হয়েছে। টঙ্গিতে দুর্ঘটনার কারণে রেল যোগাযোগ বন্ধ ছিল। দুপুর ১২টার দিকে টঙ্গির নতুন বাজার এলাকায় জামালপুর থেকে ঢাকাগামী জামালপুর কমিউটার দুর্ঘটনা কবলিত হয়। এতে চারজন নিহত হন। আহত হন কমপক্ষে ২৫জন। প্রত্যক্ষদর্শীরা জানান, ট্রেনটি লাইনচ্যুত হওয়ার পর ছাদে থাকা যাত্রীরা লাফিয়ে পড়লে ঘটনাস্থলে তিনজন মারা যান। পরে হাসপাতালে আরও একজনের মৃত্যু হয়। রেলওয়ের পূর্বাঞ্চলীয় প্রধান প্রকৌশলী আরিফুজ্জামানকে প্রধান করে একটি তদন্ত কমিটি গঠিত হয়েছে। তবে, ঘটনাস্থল ঘুরে এসে রেলমন্ত্রী মুজিবুল হক বলেছেন, প্রাথমিক তদন্তে তাদের মনে হয়েছে সিগন্যাল ম্যান সংকেত দিতে দেরি করায় এ দুর্ঘটনা ঘটেছে। রেল কর্মকর্তারা জানান, ট্রেনটির পেছনের চারটি বগি লাইনচ্যুত হলেও গতি বেশি থাকায় ট্রেনটি কয়েশত গজ এগিয়ে যায়। এক পর্যায়ে দু'টি বগি কাত হয়ে যায়। আহত আটজনকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা দেয়া হচ্ছে। (ভোয়া : ২২০০ঘ. ১৫/০৪/১৮ মোতালেব/নারগীস)

রেডিও তেহরান

মিয়ানমারের সেনারা রোহিঙ্গা মুসলমানদের বিতাড়নের হাতিয়ার হিসেবে যৌন নির্যাতন করেছে

জাতিসংঘ মহাসচিব বলেছেন, মিয়ানমারের সেনারা রোহিঙ্গা মুসলমানদের বিতাড়নের হাতিয়ার হিসেবে যৌন নির্যাতনকে ব্যবহার করেছে। ব্রিটিশ দৈনিক গার্ডিয়ান জাতিসংঘ মহাসচিবের বরাত দিয়ে লিখেছে, সাত লক্ষাধিক রোহিঙ্গা মুসলমান নতুন করে বাংলাদেশে আশ্রয় নিয়েছে। এর আগে মিয়ানমারের সেনারা তাদের উপর যৌন নির্যাতন চালিয়েছে। মুসলমান নারীদের উপর ঐ ভয়াবহ যৌন নির্যাতনকে মিয়ানমারের সেনাদের একটি অপকৌশল বলে

মন্তব্য করেছেন মহাসচিব। প্রতিবেদনে আরও বলা হয়েছে, রোহিঙ্গা মুসলমানরা যাতে নিজেদের ভিটেমাটি ছেড়ে যেতে বাধ্য হয় আর ফিরে আসার চিন্তা না করে সেজন্যই এই কৌশল গ্রহণ করেছে মিয়ানমার সেনারা।
(রেডিও তেহরান: ২০৩৫ঘ.১৫/০৪/১৮ সাইফুর/নারগীস)

দেশে একদলীয় শাসন চলছে সুষ্ঠু নির্বাচন হলে আওয়ামীলীগ ক্ষমতায় আসতে পারবে না: এরশাদ

বাংলাদেশের সাবেক প্রেসিডেন্ট ও জাতীয় পার্টির চেয়ারম্যান হুসাইন মুহাম্মদ এরশাদ বলেছেন, দেশে এখন একদলীয় শাসন চলছে। আজ রংপুর পাবলিক লাইব্রেরি মাঠে জেলা জাতীয় পার্টির সম্মেলনে প্রধান অতিথির বক্তব্য তিনি আরও বলেন, সুষ্ঠু নির্বাচন হলে আওয়ামী লীগ ক্ষমতায় আসতে পারবে না আমরাই ক্ষমতায় যাব। এ নিয়ে প্রতিবেদন করেছেন ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধি আব্দুর রহমান খান।

বাংলাদেশের সাবেক প্রেসিডেন্ট ও জাতীয় পার্টির চেয়ারম্যান হুসাইন মুহাম্মদ এরশাদ মন্তব্য করেছেন দেশে এখন একদলীয় শাসন চলছে। তিনি বলেন, দেশে সর্বোচ্চ দলীয়করণ, ব্যাংকে টাকা নাই, লুটপাট হয়ে গেছে। শেয়ারের বাজার লুটপাট, নির্বাহী বিভাগ কারও কথা শোনে না। প্রধানমন্ত্রী শেখ হাসিনার কথা ছাড়া কেউ কাজ করে না, ফাইল নড়ে না। আজ সোমবার দুপুরে রংপুর পাবলিক লাইব্রেরি মাঠে জেলার জাতীয় পার্টির সম্মেলনে প্রধান অতিথির বক্তব্য এরশাদ বলেন, একদলীয় শাসন চাই না। জনগণের শাসন চাই। সুষ্ঠু নির্বাচন চাই। সুষ্ঠু নির্বাচন হলে আওয়ামী লীগ ক্ষমতায় আসতে পারবে না আমরাই ক্ষমতায় যাব। দুঃশাসনের বেড়াজাল থেকে সুশাসন প্রতিষ্ঠা করব। বিএনপি না আসলেও আমরাই নির্বাচন করব। এ প্রসঙ্গে জাতীয় পার্টির অপর সিনিয়র সদস্য এস.এম. আলমগীর তেহরানকে বলেন, এরশাদ সাহেব প্রধানমন্ত্রীর একজন উপদেষ্টা এবং জাতীয় পার্টির তিনজন মন্ত্রী সরকারে আছে। এরপরেও এরশাদ সাহেব একথাটা বলেছেন, যেটা একটা সত্য কথা। সঠিকভাবেই উনি বলেছেন যে, সুষ্ঠু নির্বাচন হলে আওয়ামী লীগ ক্ষমতায় আসতে পারবে না। এই কথাটা দিবালোকের মত সত্য কারণ আওয়ামী লীগের বর্তমান যে অবস্থা বিরাজ করতেছে প্রশাসনকে ব্যবহার করে রাষ্ট্রযন্ত্রকে ব্যবহার করে একতরফা ২০১৪ সালের ৫ই জানুয়ারির কায়দায় একটা নির্বাচন যদি আওয়ামী লীগ করতে পারে তাহলেই আওয়ামী লীগ ক্ষমতায় থাকতে পারবে। সাবেক স্বৈরশাসক এরশাদ বলেছেন, '৯৬ সালে আমাদের সমর্থন নিয়ে আওয়ামী লীগ সরকার গঠনের পর আমার সঙ্গে অন্যায় আচরণ করেছে। আমার দল ভেঙ্গেছে আর বিএনপি সরকারের শাসন আমলে আমাকে হাসপাতালে নেয়া হয় নাই। আল্লাহর রহমতে জনগণের ভালবাসায় আমি বেঁচে আছি, ভাল আছি। নিজের শাসন আমলে মানুষ নিরাপদে ছিল দাবি করে এই সামরিক শাসক বলেন, তার শাসন আমলে দেশে খুন হত না আর এখন খুনের মহা উৎসব চলছে। নারী ও শিশু ধর্ষণ আশঙ্কাজনক হারে বেড়েছে। এর আগে চারদিনের উত্তর অঞ্চল সফরে এসে শনিবার রংপুর সার্কিট হাউজে সাংবাদিকদের এরশাদ জানান, আমি প্রধানমন্ত্রীকে বলেছি, আপনি আমাদের অংশীদার করে নেন। আগামী জাতীয় সংসদ নির্বাচনে জাতীয় পার্টিকে ৭০টি আসন আরও ১০ থেকে ১২টি মন্ত্রণালয় দিন। আমরা আওয়ামী লীগের সঙ্গে শরিক হয়ে থাকতে চাই। আগামীকাল সোমবার এরশাদ নীলফামারীর জলঢাকা ডাকবাংলা মাঠে জাতীয় জনসভায় প্রধান অতিথি হিসেবে ভাষণ দেবেন। (রেডিও তেহরান: ২০৩৫ঘ. ১৫/০৪/১৮ সাইফুর/নারগীস)

বেগম খালেদা জিয়াকে সরকার তিলে তিলে নিঃশেষ করতে চান : রুহুল কবির রিজভী

বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে সরকার তিলে তিলে নিঃশেষ করতে চান বলে অভিযোগ করেছেন দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি আজ রাজধানীর নয়াপল্টনে বিএনপি'র কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এই মন্তব্য করেন। বিস্তারিত জানাচ্ছেন ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধি আবদুর রহমান খান:

বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে সরকার তিলে তিলে নিঃশেষ করতে চান বলে অভিযোগ করেছেন দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। আজ রবিবার সকালে রাজধানীর নয়াপল্টনে বিএনপি'র কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি বলেন, বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া কারাগারে গুরুতর অসুস্থ। এখন পর্যন্ত তাকে কোন চিকিৎসা দেয়া হচ্ছে না। তিনি বলেন, সরকারি মেডিকেল বোর্ড মামুলি প্রহসনের এক্সরে ও রক্ত পরীক্ষা করে ফিজিওথেরাপির সুপারিশ করেছেন। অথচ তাকে পরিকল্পিতভাবে কারাবন্দী করে এখন চিকিৎসার সুযোগও দেয়া হচ্ছে না। বেগম জিয়ার চিকিৎসা নিয়ে সরকার রাজনীতি করছেন বলে মন্তব্য করেছন বিশিষ্ট চিকিৎসক মুক্তিযোদ্ধা ও গণস্বাস্থ্য কেন্দ্রের পরিচালক ডা. জাফরুল্লাহ চৌধুরী। তিনি রেডিও তেহরানকে বলেন, উনার রোগ নিয়ে সরকার রাজনীতি খেলছেন। এটাকে কোন তর্ক-বিতর্ক না করে উনার চিকিৎসার জন্য আমি তো বিদেশে যাওয়ার পক্ষপাতের লোক না। উনার আগে এখানে সরাসরি BSMMU এনে অথবা BARDEM-এ এনে অথবা ঢাকা মেডিকেল কলেজে কালকেই ট্রান্সফার করে এখানে বন্দী রেখেই তাকে চিকিৎসা

দেয়া উচিত। এটাই হচ্ছে সোজা সরল রুল। তারা চাইছে তাকে মানসিকভাবে অসুস্থ করে ফেলতে। এটা কেউ যদি অভিযোগ করে এটার উত্তর দেয়া কঠিন হবে সরকারের পক্ষে।(রেডিওতেহরান:২০৩৫ঘ.১৫/০৪/১৮খালেদা/নারগীস)

দেশে বর্তমানে শান্তি আছে, স্থিতিশীলতা আছে এটা বিএনপি সইতে পারছে না: ওবায়দুল কাদের

বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন আন্দোলন করার মত কোন ইস্যু নেই বলেই দেশের স্থিতিশীল অবস্থাকে বিএনপি মেনে নিতে পারছে না। আজ রাজধানীর ধানমণ্ডিস্থ আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার রাজনৈতিক কার্যালয়ে দলের ধর্ম বিষয়ক উপ-কমিটির সভায় ওবায়দুল কাদের বলেন, দেশে বর্তমানে শান্তি আছে, স্থিতিশীলতা আছে এটা বিএনপি সইতে পারছে না। তাই স্বতঃস্ফূর্ত এবং উৎসবমুখর পরিবেশে পহেলা বৈশাখ উদযাপনও তাদের ভাল লাগেনি।
(রে. তেহরান:২০:৩৫ ঘ. ১৫/০৪/১৮ খালেদা/হেলাল)

রাম মাধবের আমন্ত্রণে আগামী ২২ তারিখ ওবায়দুল কাদের ভারতে যাবেন

ভারতের ক্ষমতাসীন বিজেপির সাধারণ সম্পাদক রাম মাধবের আমন্ত্রণে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুর কাদেরের নেতৃত্বে আওয়ামী লীগের ২০ সদস্যের একটি প্রতিনিধিদল এপ্রিলের ২২ তারিখ সকালে ঢাকা ছাড়বেন। ২৩ তারিখ দুই দেশের ক্ষমতাসীন দলের মধ্যে পার্টি টু পার্টি আলোচনা হবে। আওয়ামী লীগের প্রতিনিধিদল ২৪ তারিখ ঢাকায় ফিরবেন। (রে. তেহরান: ২০:৩৫ ঘ. ১৫/০৪/১৮খালেদা/হেলাল)

রেডিও এবিসি

গুলিস্তানে হকার্স উচ্ছেদের সময় গুলির ঘটনায় ছাত্রলীগের দুই নেতার বিরুদ্ধে অভিযোগপত্র

রাজধানীর গুলিস্তানে হকার্স উচ্ছেদের সময় গুলির ঘটনায় দায়ের হওয়া মামলায় ছাত্রলীগের দুই নেতার বিরুদ্ধে অভিযোগপত্র দিয়েছে পুলিশ। রবিবার ঢাকার মুখ্য মহানগর হাকিম আদালতে এ অভিযোগপত্র জমা দেন শাহবাগ থানার উপপরিদর্শক আকরাম হোসেন। (রেডিও এবিসি: ১৫:০০ঘ.১৫/০৪/১৮ফারুক/আহমেদ)

পিরোজপুরে এক সাবেক ইউপি সদস্যকে হত্যা

পিরোজপুরের মঠবাড়িয়া উপজেলার বকশিরখটি গ্রামে ইউনিয়ন পরিষদের সাবেক সদস্য আবদুল লতিফ হাওলাদারকে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা।(রেডিও এবিসি:১৫:০০ঘ.১৫/০৪/১৮ফারুক/আহমেদ)

৭৭৫ মেট্রিকটন কয়লা নিয়ে একটি লাইটার জাহাজ ডুবে গেছে

সুন্দরবনের ভেতরে মংলা সমুদ্র বন্দরে পশুর চ্যানেলে ৭৭৫ মেট্রিকটন কয়লা নিয়ে একটি লাইটার জাহাজ শনিবার রাতে ডুবে গেছে। পশুর নদের হারবাড়িয়া এলাকায় এমভি বিলাস নামের এই জাহাজটির তলা ফেটে ডুবে যায়।
(রেডিও এবিসি: ১৮:০০ঘ.১৫/০৪/১৮প্রতীক/আহমেদ)

এখন খুনের মহা উৎসব হচ্ছে: এরশাদ

বর্তমান সরকারের শাসন আমলের চিত্র তুলে ধরে জাতীয় পার্টির চেয়ারম্যান হুসাইন মুহাম্মদ এরশাদ বলেছেন, আমার শাসনামলে মানুষ নিরাপদে ছিল, খুন হত না। আর এখন খুনের মহা উৎসব হচ্ছে। নারী ও শিশু ধর্ষণ আশঙ্কাজনকভাবে বেড়েছে। এর ফলে আমরা সবাই ধর্ষিত হচ্ছি। তিনি বলেন, নারী হয়ে জন্ম নেয়াটাই যেন অভিশাপ। রবিবার দুপুরে রংপুর পাবলিক লাইব্রেরি মাঠে জেলা জাতীয় পার্টির সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। (রেডিও এবিসি: ১৮:০০ঘ. ১৫/০৪/১৮ প্রতীক/আহমেদ)

কিশোরগঞ্জ ও নওগাঁয় দুর্ঘটনায় মোট সাতজন নিহত

কিশোরগঞ্জে ট্রাকটর ও সিএনজি চালিত অটোরিকশার মুখোমুখি সংঘর্ষে তিনজন এবং নওগাঁয় বাস এবং ইজিবাইক সংঘর্ষে চারজন নিহত হয়েছেন। রবিবার সকালে এ দুর্ঘটনা দু'টি ঘটে।
(রেডিওএবিসি:১৮:০০ঘ. ৫/০৪/১৮রিহাব/আহমেদ)

এতিমের টাকা আত্মসাৎ করে কারাগারে আছেন বেগম খালেদা জিয়া: মাহবুব-উল-আলম হানিফ

আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব-উল-আলম হানিফ বলেছেন, বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া এতিমের টাকা আত্মসাৎ মামলায় কারাগারে আছেন। আন্দোলন করে তাকে মুক্ত করা যাবে না। রবিবার দুপুর ১২টায় ঐতিহাসিক ১৭ই এপ্রিল মুজিবনগর দিবস উদ্‌যাপন উপলক্ষে মেহেরপুরের আওয়ামী লীগের বর্ধিত সভা শুরুর আগে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি একথা বলেন। (রেডিও এবিসি: ১৮:০০ঘ.১৫/০৪/১৮ রিহাব/আহমেদ)

রমজান মাসে ইফতার শুরুর নামে চাঁদাবাজী হয়

পবিত্র রমজান মাসে ইফতার শুরুর নামে চাঁদাবাজি করা শুরু হয় বলে অভিযোগ উঠেছে ঢাকা চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ আয়োজিত এক সভায়। এতে ব্যবসায়িরা ইফতার অনুষ্ঠান নিয়ন্ত্রণের দাবি করে বলেছেন, বেশিরভাগ ইফতারের নামে পণ্যের অপচয় এবং যানজট তৈরি করা হচ্ছে। আর ইফতার অনুষ্ঠানের নামে যে চাঁদা দেয়া হচ্ছে তা পণ্যের দামের মধ্যে অন্তর্ভুক্ত হয়। (রেডিওএবিসি:১৮:০০ঘ.১৫/০৪/১৮রিহাব/আহমেদ)

বিবিসি

এক রোহিঙ্গা পরিবারকে ফেরত নেয়ার মিয়ানমার সরকারের দাবি নিয়ে তৈরি হয়েছে বিভ্রান্তি

বাংলাদেশ থেকে রোহিঙ্গা প্রত্যাবাসনের সূচনা করা নিয়ে মিয়ানমার সরকারের এক দাবি নিয়ে বিভ্রান্তি তৈরী হয়েছে। মিয়ানমার দাবি করেছে যে ৫ জনের একটি রোহিঙ্গা পরিবারকে ফেরত নেয়ার মাধ্যমে শরণার্থী প্রত্যাবাসন তারা শুরু করেছে। কিন্তু বাংলাদেশের সরকারি কর্তৃপক্ষ বলছেন এই পরিবারের সাথে রোহিঙ্গা প্রত্যাবাসনের কোন সম্পর্ক নেই কারণ ঐ পরিবারটি কখনই বাংলাদেশে ঢোকেনি তারা সীমান্তে মিয়ানমার অংশের নো ম্যানস ল্যান্ডে ছিল। নো ম্যানস ল্যান্ডে আশ্রয় নেওয়া একটি রোহিঙ্গা পরিবার বিবিসিকে বলেছেন যে পরিবারটি দালালের মাধ্যমে মিয়ানমার কর্তৃপক্ষকে প্রচুর টাকা দিয়ে ফিরে যেতে পেরেছে। ঢাকা থেকে আরও জানাচ্ছেন ফারহানা পারভীন।

মিয়ানমারের কর্তৃপক্ষ বলছে ৫ জনের একটি পরিবার শনিবার তাদের প্রত্যাবাসন ক্যাম্পে পৌঁছায়। পৌঁছানোর পর তাদের প্রত্যেককে আইডি কার্ড দেয়া হয়েছে। এছাড়া প্রয়োজনীয় সহায়তা দেওয়া হয়েছে। মিনিস্ট্রি অফ ইনফরমেশন অফ মিয়ানমারের ফেসবুকের ভেরিফাই পেজে দেখা যাচ্ছে একটি পরিবারের সদস্যদের হাতে আইডি কার্ড প্রধান করছে আইন-শৃঙ্খলা বাহিনীর পোশাক পরা দুইজন ব্যক্তি। রোহিঙ্গাদের মিয়ানমারে ফেরত পাঠানোর ব্যাপারে বাংলাদেশের সাথে যখন আলোচনা চলছে তখন হঠাৎ এ ধরনের খবরে অনেকেই প্রশ্ন তুলছেন। বাংলাদেশের কক্সবাজারের শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার আবুল কালাম বলছিলেন এটা কোন আনুষ্ঠানিক প্রত্যাবাসন নয়। এছাড়া ঐ পরিবারটি বাংলাদেশের সীমানার মধ্যেও ছিল না, (স্বকণ্ঠে) ঃ যেহেতু তারা আমাদের সীমান্ত অতিক্রম করেনি এবং আমাদের আশ্রয়ে থাকেনি কাজেই এটাকে প্রত্যাবাসন হিসেবে বলার কোন সুযোগ নেই। এটা কোন সংজ্ঞাতেই আসলে প্রত্যাবাসন নয় যেহেতু তারা কখনো আমাদের এই অংশে আসেনি। এইটুকু আমরা জানি এবং তাদেরকে বড়জোর ইন্টারনালি ডিসপ্রেসস পারসন বলা যেতে পারে। তারা তো আর শরণার্থী নয়। মিয়ামনার ও বাংলাদেশ সীমান্তের কোনারপায়া এলাকায় ১৫০০ এর মতো মানুষ গত বছরের সেপ্টম্বর থেকে বসবাস করছিল বলে বাংলাদেশ কর্তৃপক্ষ জানাচ্ছে। তারা বলছে এই এলাকাটি নো ম্যানস ল্যান্ডের মিয়ানমার সীমান্তেই পড়ে। শনিবার মিয়ানমার কর্তৃপক্ষ প্রকাশিত ছবি ও তার সাথে প্রকাশিত বিবৃতিতে বলা হয়েছে একটি মুসলিম পরিবার জাতীয় প্রত্যায়নপত্র গ্রহণ করেছে। প্রত্যায়নপত্র এক ধরনের পরিচয়পত্র যেটি নাগরিকত্ব নিশ্চিত করে না। মিয়ানমার রোহিঙ্গা শব্দটি ব্যবহার করে না। এদিকে ঐ একই নো ম্যানস ল্যান্ডে বাস করছেন এমন একজন নাম প্রকাশ না করার শর্তে জানিয়েছেন চলে যাওয়া পরিবারটি ৫০ লাখ টাকার বিনিময়ে মিয়ানমার কর্তৃপক্ষের সাথে চুক্তি করে তবে সেখানে গেছে। এ ব্যক্তি বলছেন পরিবার প্রতি ৫০ লাখ টাকার চুক্তি হয়েছে। সেই পরিবার যে কয়জনই থাকুক না কেন । আমার পরিবারকে প্রস্তাব করা হয়েছে। কিন্তু আমরা রাজি হইনি এমন কিছু পরিবার আছে যারা ফিরে যেতে চায়। এদিকে জাতিসংঘের শরণার্থী বিষয়ক সংস্থা সতর্কবার্তা দিয়ে বলেছে মিয়ানমারের অবস্থা রোহিঙ্গাদের নিরাপদ, সম্মান ও টেকসই প্রত্যাবর্তনের জন্য অনুকূল নয়। সংস্থাটি বলেছে মিয়ানমারে প্রত্যাবর্তনের আগে বাংলাদেশে থাকা শরণার্থীদের তাদের আইনি অধিকার ও নাগরিকত্ব নিশ্চয়তা পাওয়াসহ, রাখাইনে নিরাপত্তা ও অন্যান্য নাগরিক সুযোগ সুবিধা পাওয়ার নিশ্চয়তা দেয়া আবশ্যক। টেকনাফের কুতুপালং ক্যাম্পে থাকা একজন রোহিঙ্গা নেতা বলছিলেন এইভাবে ফেরত নেয়ার মাধ্যমে মিয়ানমার যে রোহিঙ্গাদের জন্য নিরাপদ সেটাই প্রমাণ করার চেষ্টা চলছে। বাংলাদেশের ক্যাম্পে থাকা রোহিঙ্গা নেতারা এ পরিচয়পত্র প্রত্যাখ্যান করেছেন। বাংলাদেশ প্রথম দফায় আট হাজারের বেশি রোহিঙ্গা ফেরত নেয়ার যে তালিকা দিয়েছিল সে তালিকার মাত্র কয়েকশ' রোহিঙ্গাকে ফেরত নেয়ার ছাড়পত্র দিয়েছে মিয়ানমার। প্রত্যাবাসনেরও কোনো দিনক্ষণ এখনো ঠিক হয়নি। তারপরও বাংলাদেশ দ্বিতীয় তালিকা দেয়ার প্রস্তুতি নিচ্ছে। তবে, এই পরিবারটি ফেরত যাওয়ার বিষয়টিকে কোনো ভাবেই প্রত্যাখ্যান প্রক্রিয়ার মধ্যে পড়ে না বলে জানিয়েছেন বাংলাদেশ কর্তৃপক্ষ। (বিবিসি: ১৯:৩০ ঘ.১৫/০৪/১৮রিহাব/কুহিনুর/আশরাফ)

বিক্ষোভ ও সমাবেশ করেছে মুক্তিযোদ্ধা এবং তাদের সন্তানদের কয়েকটি সংগঠন

বাংলাদেশে সরকারি চাকরিতে কোটা পদ্ধতি বাতিলের জেরে আজও মুক্তিযোদ্ধা এবং তাদের সন্তানদের কয়েকটি সংগঠন ঢাকায় বিক্ষোভ সমাবেশ করেছে। এসব সমাবেশ থেকে বলা হয়েছে যে মুক্তিযোদ্ধা কোটা বাতিলের পর যেন

রাজাকারদের সন্তানরা সরকারি চাকরি না পায় সরকারকে সেটা নিশ্চিত করতে হবে। ছাত্র আন্দোলনের মুখে গত বুধবার কোটা ব্যবস্থা বাতিলের ঘোষণা দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এরপর শিক্ষার্থীরা আন্দোলন স্থগিত করলেও ঐ সিদ্ধান্ত প্রত্যাহারের দাবিতে আন্দোলন শুরু করেছেন কোটা সুবিধা পাওয়া ব্যক্তিরা। তারা এর বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেয়ারও ঘোষণা করেছেন। কোটার বিষয়ে বাংলাদেশের আইনে ঠিক কি বলা হয়েছে প্রধানমন্ত্রীর ঘোষণার অগ্রগতিই বা কতদূর ঢাকায় তা খোঁজ নিয়েছেন সাইদুল ইসলাম।

সরকারি চাকরিতে কোটা পদ্ধতি বাতিল ঘোষণার পর থেকেই এই সিদ্ধান্তের বিরুদ্ধে আন্দোলন শুরু করেছেন মুক্তিযোদ্ধা ও তাদের পরিবার এর নানা সংগঠন। তাদের সঙ্গে যোগ দিয়েছে ক্ষুদ্র নৃগোষ্ঠীর কয়েকটি সংগঠনও। আজও ঢাকায় একটি সমাবেশ হয়েছে। আমরা মুক্তিযোদ্ধাদের সন্তান নামের একটি সংগঠনের সভাপতি হুমায়ুন কবির বিবিসিকে বলেছেন প্রথমে তারা দেখতে চান এ বিষয়ে সরকার আনুষ্ঠানিকভাবে কী ঘোষণা দেয়। এরপর তারা পরবর্তী সিদ্ধান্ত নেবেন, (স্বকণ্ঠে) ঃ মাননীয় প্রধানমন্ত্রীর উপর আমরা আশাবাদী যে আমাদের বিষয়টি উনি অত্যন্ত গুরুত্বের সহিত দেখবেন। উনি হয়ত একটা মনে ক্ষোভ থেকে মাননীয় প্রধানমন্ত্রীর এই ঘোষণা দিয়েছেন। মুক্তিযোদ্ধা কোটা আর প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে হয়তো বিবেচনা করবেন আশা রাখি। যদি বিবেচনা না করেন তাহলে তো কিছু আইনি প্রক্রিয়ার তো সুযোগ আছেই। সেটা আসলে সময় সাপেক্ষ বিষয়।

কোটা নিয়ে পক্ষে-বিপক্ষে এখন বিতর্ক বেশ জোরালো হয়ে উঠেছে। এদিকে, কোটা বাতিলের প্রজ্ঞাপন না হওয়া পর্যন্ত আন্দোলন স্থগিত রেখেছেন বিক্ষুব্ধ শিক্ষার্থীরা। আবার সেই প্রজ্ঞাপন হলে আন্দোলনের হুমকি দিয়ে রেখেছেন কোটা সুবিধা পাওয়া গোষ্ঠীগুলো। বর্তমানে সরকারি চাকরিতে ৫৬ শতাংশ আসনে কোটায় নিয়োগ হয়। তাদের দাবি আইনেই তাদের এই অধিকার দেয়া হয়েছে। কিন্তু বাংলাদেশের সংবিধানে আসলে এ বিষয়ে কি বলা হয়েছে জানতে চেয়েছিলাম সংবিধান বিশেষজ্ঞ শাহদীন মালিকের কাছে, (স্বকণ্ঠে) ঃ সংবিধানে কোটা শব্দটা ব্যবহার করা হয়নি। কিন্তু এখানে বলা আছে কোন অনগ্রসর জনগোষ্ঠী তাদের সাহায্য করার জন্য সমতা আনার জন্য তাদের বিষয়ে বিশেষ ব্যবস্থা নেয়া যাবে। যারা অনগ্রসর তাদের পক্ষে বিশেষ আইন করা যাবে। তাদের চাকরির ব্যাপারে তাদের বিশেষ সুযোগ-সুবিধা দেয়া যাবে।

বিবিসিঃ কোটা রাখা না রাখার বিষয়ে সেই ক্ষেত্রে সরকারের বাধ্যবাধকতা কতটুকু। মানে তাদেরকে এটি সংস্কার করতে গেলে বা সংশোধন করতে হলে কি সংবিধান সংশোধন বা পার্লামেন্টে আলোচনার দরকার হবে?

মি. মালিক : এটি সরকারি প্রজ্ঞাপনের মাধ্যমে করা হয়েছে। এটি যেহেতু প্রজ্ঞাপন দিয়ে হয়েছে এটি আবার আরেকটি প্রজ্ঞাপন দিয়ে বাতিল করা যাবে। তিনি বলছেন, চাকরিতে অনগ্রসর গোষ্ঠীগুলোর জন্য বিশেষ ব্যবস্থা রাখতে হবে। তবে সেটা কিভাবে রাখা হবে তা সরকারের বিষয়। গত বুধবার বাংলাদেশের জাতীয় সংসদে অনেকটা ক্ষুব্ধ কষ্ট প্রধানমন্ত্রী শেখ হাসিনা কোটা বাতিল এবং একটি কমিটি গঠনের ঘোষণা দেন। কমিটির বিষয়ে কয়েকজন জ্যেষ্ঠ সরকারি কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করা হলে কেউ আনুষ্ঠানিকভাবে কথা বলতে রাজি হননি। তবে, তারা জানিয়েছেন কোটার বিষয়ে নতুন কোন অগ্রগতি নেই। কারণ এখনও কোন কমিটি গঠিত হয়নি এবং তেমন কোন নির্দেশনাও আসেনি। পুরো বিষয়টি সম্পন্ন হতে আরও খানিকটা সময় লাগবে বলেই ধারণা করা হচ্ছে। সাবেক মন্ত্রি পরিষদ সচিব ড. আকবর আলী খান মনে করেন কোটা ব্যবস্থার সংস্কার আসলে আরও আগেই হওয়া দরকার ছিল, (স্বকণ্ঠে): কোটার ব্যাপারে কখনও ঐক্যমত হবে না। কোটা থাকলেও কেউ কেউ ক্ষতিগ্রস্ত হয় আবার কোটা না থাকলেও কেউ কেউ ক্ষতিগ্রস্ত হয়। আমি কোটার উপরে একটা সমীক্ষা করেছিলাম এবং এটাতে আমার মনে হয়না যে কোটাতে খুব একটা লাভ হয়। আমাদের দেশে যে কোটা ব্যবস্থা এটা অদ্ভুত ব্যবস্থা। ২৫৮ টি কোটা আছে। ২৫৮টি কোটা নিয়ে এটিকে চালানো সম্ভব না। এই সমস্ত বহু রকম সমস্যা হয়। তবে, ড. আকবর আলী খানের মতে পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জন্য কিছু সুবিধা দিতেই হবে। তবে, সেটা কোটা সুবিধা না দিয়েও বৃত্তি, শিক্ষা সহায়তার মত বিকল্প ব্যবস্থা হতে পারে। (বিবিসিঃ ১৯:৩০ ঘ.১৫/০৪/১৮প্রতীক/কুহিনুর/আশরাফ)

পাঁচজনের একটি রোহিঙ্গা পরিবারকে ফেরত নিয়েছে বলে দাবি মিয়ানমারের

রোহিঙ্গা প্রত্যাবাসন নিয়ে মিয়ানমার সরকারের দাবি নিয়ে বিভ্রান্তি তৈরি হয়েছে। মিয়ানমার সরকারের দাবি পাঁচজনের একটি রোহিঙ্গা পরিবারকে ফেরত নেয়ার মাধ্যমে তারা প্রত্যাবাসন প্রক্রিয়া শুরু করেছে। কিন্তু বাংলাদেশের সরকারি কর্তৃপক্ষ বলছেন, ঐ পরিবারটি কখনও বাংলাদেশে প্রবেশ করেনি। তারা মিয়ানমার অংশে নো-ম্যান্স ল্যান্ডে ছিল। মিয়ানমার সরকার বলছেন, ঐ রোহিঙ্গা পরিবারটিকে তারা ন্যাশনাল ভেরিভিকেশন কার্ড দিয়েছে। কিন্তু রোহিঙ্গারা কোন কার্ড নেবে না। তাদের চাই নিজ দেশে নাগরিকত্ব। এই ন্যাশনাল ভেরিফিকেশন কার্ড আসলে কী? আর সেটি নিতে তাদের আপত্তি কেন, সহকর্মী শাহনাজ পারভীন জিজ্ঞেস করেছেন লন্ডনে রোহিঙ্গাদের সংগঠন আরাকান ন্যাশনাল অর্গানাইজেশনের প্রধান নূরুল ইসলামের কাছে।

মি. ইসলামঃ ন্যাশনাল ভেরিফিকেশন নিয়ে রোহিঙ্গাদের কোন কনসার্ন আছে বলে আমি মনে করি না। ন্যাশনাল ভেরিফিকেশন হচ্ছে কতগুলো লোক এ দেশী লোক না। এদেরকে ভেরিফাই করতে হবে। সেজন্য তারা ভেরিফাই করতেছে। তার মানে এটা সার্টিফিকেট একটা।

বিবিসিঃ তার মানে বিদেশিদের কি জেনারেল এ কার্ড দেয়া হয় মিয়ানমারে?

মি. ইসলামঃ আসলে সেটাই। মিয়ানমারে রোহিঙ্গারা ন্যাচারাল সিটিজেন। তাই তাকে বিদেশীর মত একটা কার্ড দেবে এটা চাচ্ছে না। তারা সিটিজেনশিপ চাচ্ছে।

বিবিসিঃ নাগরিকত্ব ছাড়া তারা ফেরত যাবেন না। এরকম একটা কথা রোহিঙ্গাদের মুখ থেকে শোনা যাচ্ছে। কি কারণে নাগরিকত্ব নিশ্চিত না হওয়া পর্যন্ত তারা ফেরত যেতে চাচ্ছেন না?

মি. ইসলামঃ কারণ আমরা ঐ দেশী লোক। আমরা বার্মার সিটিজেন। আর একটা জিনিস হলো আমরা বার্মাতে যাইনি। বার্মারা আমাদের দেশে এসে আমাদের জায়গাটা নিয়ে আমাদের বলতেছে তোমরা বিদেশী। তোমরা বাংলাদেশে যে এত মানুষ এসেছে এবং এখন আমাদের বাংলাদেশে যে এত মানুষ এসেছে এবং এখন আমাদের বাংলাদেশী প্রমাণ করার জন্য ন্যাশনাল ভেরিফিকেশন কার্ড দিতে চায়।

বিবিসিঃ মিয়ানমার সরকার এ কার্ডটিকে খুব গুরত্ব দিচ্ছে। ক'দিন আগে মিয়ানমারের একজন মন্ত্রী যখন এসেছিল তখন তিনি এ কার্ডটির কথা বলে গেছেন। কি কারণে তারা ন্যাশনাল ভেরিফিকেশন কার্ডে খুব গুরুত্ব দিচ্ছে।

মি. ইসলামঃ কারণ রোহিঙ্গাদের তারা সিটিজেন মানে না। তারা সব সময় বলে যে ওরা বাংলাদেশের লোক। সেটাই তারা প্রমাণ করার চেষ্টা করছে।

বিবিসিঃ এখন দেখা যাচ্ছে যে, তারা প্রত্যাবাসন প্রক্রিয়া শুরু করল বলে একটি পরিবারের ছবি তারা পোস্ট করছে। তাদের এই বিষয় সম্পর্কে আপনাদের কি মনে হয়, কারণ ধারণা করা হচ্ছে এ পরিবারটি আদৌ কখনও বাংলাদেশে ঢোকেনি?

মি. ইসলামঃ এটা একটা সাজানো ঘটনা। তারা ঐ পরিবারকে দালালদের দিয়ে এখানে পাঠাইছে এবং সেখান থেকে নিয়ে গেছে। এটা যদি দ্বিপাক্ষিকভাবে করা হত তাহলে বাংলাদেশ সরকারের পক্ষ থেকে লোকজন থাকত। এটা আসলে ন্যাশনাল ভেরিফিকেশন কার্ড দেয়ার জন্য একটা প্রোপাগান্ডা তৈরি করছে।

বিবিসিঃ তাহলে শেষ পর্যন্ত দাঁড়ালো বাংলাদেশ সরকারের সাথে যে দ্বিপাক্ষিক সমঝোতা হয়েছিল। এরপর এই একটি পরিবারকে এভাবে তারা নেয়ার দাবি করছে। কিন্তু যে জায়গায় তারা ফিরে যাবেন সেখানে তো একটা প্রস্তুতির বিষয় আছে। নিরাপত্তার বিষয় আছে। জাতিসংঘ বলছে যে ঐ জায়গাগুলো এখনও প্রস্তুত নয়। সেখানে এই রোহিঙ্গাদের প্রত্যাবাসন এই মুহূর্তে কী সম্ভব?

মি. ইসলাম : এটা কখনই সম্ভব না। ওখানে এখনও প্রস্তুত না। জাতিসংঘ এবং বিভিন্ন সংস্থা একই কথা বলছে। ওখানে যাওয়ার পরিবেশ সৃষ্টি হলে আমরা যাবে। বাড়ি-ঘর ওরা সব জ্বালিয়ে দিয়েছে। বুলডোজার মেরে সব শেষ করে দিয়েছে। কিভাবে ফিরে যাবে। (বিবিসিঃ ০৭৩০ ঘ. ১৬/০৪/১৮ সোনিয়া/নারগীস)

রেডিও জাপান

প্রথমবারের মত একটি রোহিঙ্গা পরিবার মিয়ানমারে ফিরে গেছে বলে জানিয়েছে মিয়ানমার

মিয়ানমার প্রথমবারের মত একটি রোহিঙ্গা পরিবার প্রতিবেশী বাংলাদেশ থেকে ফিরে এসেছে বলে জানিয়েছে। দেশে প্রত্যাবর্তন করা পরিবারটির পাঁচজন সদস্য আগে, গত বছর আগস্ট মাসে পশ্চিম অঞ্চলীয় রাখাইন রাজ্যে সামরিক বাহিনীর নেতৃত্বে সহিংসতা আরম্ভ হওয়ার পর বাংলাদেশে পালিয়ে যাওয়া বিপুল সংখ্যক রোহিঙ্গা মুসলমানদের অন্তর্ভুক্ত। জাতিসংঘের হিসেব অনুযায়ী রোহিঙ্গা শরণার্থীদের সংখ্যা ৬ লাখ ৮০ হাজারের বেশি। বাংলাদেশ এবং মিয়ানমার এ প্রত্যাবর্তন প্রক্রিয়ার সমন্বয় করছে। মিয়ানমার সরকার পরিবারটির সীমান্তের অদূরে অবস্থিত একটি অভ্যর্থনা কেন্দ্রের মাধ্যমে দেশে ফিরে আসে বলে জানায়। দৃষ্টত দেশটি মানবিক অবস্থান প্রদর্শনের লক্ষ্যে মিয়ানমার সরকার আত্মীয়-স্বজনদের সাথে রাখাইনে যাওয়ার আগে পরিবারটিকে খাদ্য ও পোশাক সরবরাহ করা হবে বলে উল্লেখ করে। এ বিষয়ে পরিবাটির পক্ষ থেকে কোন ধরনের মন্তব্য পাওয়া যায়নি এবং অবশিষ্ট শরণার্থীদের ফিরিয়ে আনতে কোন সুনির্দিষ্ট পরিকল্পনা ঘোষণা করা হয়নি। বিপুল সংখ্যক রোহিঙ্গা বৌদ্ধ সংখ্যাগরিষ্ঠ মিয়ানমারের নিরাপত্তা বাহিনীর হাতে নির্যাতিত হয়ে আসছে বলে অভিযোগ করেন্,শরণার্থীদের প্রত্যাবর্তন নিশ্চিত করতে একটি আন্তর্জাতিক সংস্থার পর্যবেক্ষন এবং প্রত্যাবর্তন প্রক্রিয়ায় স্বচ্ছতা বৃদ্ধি করাই মূল বিষয় হয়ে দাঁড়িয়েছে।

(রে. জাপানঃ ২১:০০ ঘ. ১৫/০৪/১৮ সোনিয়া/হেলাল)

BBC

MCKHRAWN PERSUADES TRUMP NOT TO PULL OUT TROOPS FROM SYRIA

The French President Emmanuel Mcgraw says, he persuaded US President Donald Trump not to pull US troops out of Syria. Earlier this month, President Trump said, he would withdraw about two thousand troops currently deployed there. But Mr. Mcgraw told French journalists he spoke to Mr. Trump before Saturday's airstrike and convinced him to remain in the conflict. (BBC: 0600 hrs. 16-04-18 Motaleb/Sajib)

US PREPARING TO IMPOSE MORE SANCTIONS ON RUSSIA

Washington is preparing to impose more sanctions on Russia. The American Ambassador to the United Nations Nikky Haley said, the new measures related to the Syrian government's use of chemical weapons be disclosed on Monday. A BBC correspondent reports Nikky Haley said, the US was preparing to announce sanctions against Russian companies having ties with Syrian President Bashar al-Assad and his use of chemical weapons. That will be second such move this month.
(BBC: 0600 hrs. 16-04-18 Motaleb/Sajib)

ANY MORE AIR STRIKES ON SYRIA WOULD CAUSE INT'L CHAOS: PUTIN

President Putin of Russia has said that any more air strikes on Syria by western powers would cause international chaos. In a phone call with his Iranian counterpart Hassan Rouhani the two key allies of the Syrian government have agreed that the attack had damaged chances for a political solution in Syria. Speaking to FOX news the American Ambassador to the United Nations Nikky Haley has said, President Trump would not pull US troops out of Syria until its goals are accomplished. In Syria itself chemical weapons inspectors are expected to travel to the site of the suspected poison gas attack.(BBC: 2100 hrs. 15-04-18 Motaleb/Sajib)

DEMONSTRATION IN BARCELONA AGAINST DETENSION

Police in Barcelona say, more than thirty thousand people are attending a demonstration against the detention of Catalan separatist leaders. The protest marks six since two activists were jailed for alleged offences committed in the run up to October's disputed referendum on independence from Spain. The demonstrators seek release of political prisoners. (BBC: 2100 hrs. 15-04-18 Motaleb/Sajib)

KING SALMAN OPENS ARAB LEAGUE SUMMIT

King Salman of Saudi Arabia has opened the 29th Arab League Summit in the city of Daharan with an open criticism of what he called Iran's interference in regional affairs. But the King made no mention of US, British and French airstrikes on Syrian chemical weapons facilities. (BBC: 2100 hrs. 15-04-18 Motaleb/Sajib)

HUNDREDS FIREFIGHTERS FIGHTING LARGE BUSHFIRE IN AUSTRALIA

Hundreds of Australian firefighters are fighting a large bushfire threatening homes in the southern suburbs of Sydney. The New South Wells rural fire service said, it was concerned that flying ambush could spark new blazes. Strong winds have pushed the flames towards suburban streets about 35 kilometers from the center of Sydney. As the blaze approached many residents left while others stay to join firefighting efforts. (BBC: 2100 hrs. 15-04-18 Motaleb/Sajib)

ISRAEL TO RELEASE ABOUT 200 AFRICAN ILLEGAL MIGRANTS

Israel says, it will release about two hundred African migrants after it missed a deadline to deport them. The government still negotiating with a third country believed to be Uganda. The fate of 37 thousand African migrants who entered Israel illegally has been contentious for months. (BBC: 2100 hrs. 15-04-18 Motaleb/Sajib)

SECOND PERSON ARRESTED IN CONNECTION WITH RAPE BY BJP LEADER

Indian police have arrested a second person in connection with the alleged rape of a teenager by a politician, the governing BJP party of Uttar Pradesh state. The woman

named Shashi Singh has been taken into custody. She is accused of touring the girl to Kuldeep Singh’s home. He has already been detained.
(BBC: 2100 hrs. 15-04-18 Motaleb/Sajib)

::THE END::